# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র নং- ০১(৮৯৪)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৮)/১/৪১৬

তারিখ ঃ ২৯ শ্রাবণ ১৪২৫
১৩ আগস্ট ২০১৮

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূণ্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online এ আবেদন আহবান করা যাইতেছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড) পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | **নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর**<br>বেতন স্কেল ঃ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫)<br>পদের সংখ্যা ঃ ০১ (এক)<br>বয়স ঃ ৩০-৪৫ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে) | মাস্টার্স ডিগ্রী-কম্পিউটার বিজ্ঞান/পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান /গণিত/ পরিসংখ্যান / বাণিজ্য / অর্থনীতি / সামাজিক বিজ্ঞান/ব্যবসায় প্রশাসন/বি.এসসি ইঞ্জিনিয়ারিং/সমমান।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বৎসরের অভিজ্ঞতা। স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ২ | **ডাটাবেইজ এডমিনিস্ট্রেটর**<br>বেতনস্কেল ঃ ৪৩০০০-৬৯৮৫০ (গ্রেড-৫)<br>পদের সংখ্যা ঃ ০১ (এক)<br>বয়স ঃ ৩৫-৪৫ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞান বিষয়ে মাস্টার্স ডিগ্রী অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন কম্পিউটার সায়েন্স অথবা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী থাকিতে হইবে। কোন স্বনামধন্য পেশাভিত্তিক কম্পিউটার সোসাইটির সদস্য হইতে হইবে।<br>পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠান/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা সংস্থায় ডাটাবেইজ প্রোগ্রামার হিসেবে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা অথবা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এ মাস্টার্স ডিগ্রীধারীদের ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। Vendor certification (on Oracle 11g) is must or has more than 5 years hands on Administration experience on UNIX platforms. Certification in other Database Administration will be an added advantage.<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ৩ | **সহকারী প্রোগ্রামার**<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)<br>পদের সংখ্যা ঃ ০৮ (আট)<br>বয়স ঃ ২১-৩০ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে) | মাস্টার্স ডিগ্রী-কম্পিউটার বিজ্ঞান/পদার্থবিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান/গণিত/পরিসংখ্যান/বি.এসসি ইঞ্জিনিয়ারিং/সমমান।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |

F:\Circular\Online Circular\Online Circular (No Hard Copy).doc

| ক্রমিক নং | পদের নাম, বেতন স্কেল (গ্রেড) পদের সংখ্যা এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ৪ | **সহকারী প্রকৌশলী**<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯)<br>পদের সংখ্যা ঃ ০১ (এক)<br>বয়স ঃ ২১-৩০ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে) | ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে।<br>উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। |
| ৫ | **উপ-সহকারী প্রকৌশলী**<br>বেতন স্কেল ঃ ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০)<br>পদের সংখ্যা ঃ ০১ (এক)<br>বয়স ঃ ২১-৩০ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে) | যে কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে ইঞ্জিনিয়ারিং-এ ১ম শ্রেণীর ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৬ | **অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১**<br>বেতনস্কেল ঃ ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)<br>পদের সংখ্যা ঃ ১০ (দশ)<br>বয়স ঃ অনুর্ধ্ব ৩৫ বৎসর (আবেদনপত্র জমাদানের শেষ তারিখে) | ন্যূনতম এইচএসসি পাশ। প্রার্থীকে কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ। প্রার্থীকে ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে। |

**শর্তাবলী ঃ**

১. আগ্রহী প্রার্থীদের আগামী ১৩-০৯-২০১৮ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ১৪-০৮-২০১৮ তারিখ হইতে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাইবে।

২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে ক্রমিক ১ হতে ৪ এ বর্ণিত পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা, ক্রমিক ৫ এ বর্ণিত পদের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা এবং ক্রমিক ৬ এ বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।

<u>পে-স্লিপ সংগ্রহের নিয়মাবলী</u> ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-Slip ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হইবে।

**Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।**

৩. ক্রমিক ৩ হতে ৫ এ বর্ণিত পদের জন্য মুক্তিযোদ্ধা কোটাভুক্ত প্রার্থী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হইবে ৩২ (বত্রিশ) বৎসর।

৪. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি-নাতনী হিসেবে চাকুরী প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব কর্তৃক স্বাক্ষরিত অথবা ১৯৯৭ হইতে ২০০১ সাল পর্যন্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত মূল সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি আবেদনপত্রের হার্ডকপির সঙ্গে সংযুক্ত করিতে হইবে।

৫. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র User ID ও Password দিয়ে Login করে Online এ নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করিতে হইবে।

F:\Circular\Online Circular\Online Circular (No Hard Copy).doc

৬. <u>প্রার্থীদের পরীক্ষা/নির্বাচনী বোর্ড/কমিটির তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।</u>

৭. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।

৮. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

৯. **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।**

১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

১১. বিজ্ঞাপিত পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসারে সকল প্রকারের কোটা অনুসরণ করা হইবে।

১২. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর নির্দেশক্রমে

13/08/18

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়

F:\Circular\Online Circular\Online Circular (No Hard Copy).doc